

অনুমোদন পেল নতুন আরেকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়



ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৮ জুলাই ২০২৪ | ২২:৫০



নতুন আরেকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় সরকারের অনুমোদন পেয়েছে। এটি প্রতিষ্ঠিত হবে কুষ্টিয়ায়। এর নাম 'জাস্টিস আবু জাফর সিদ্দিকী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়'। সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি আবু জাফর সিদ্দিকীর নামে এর নামকরণ করা হয়েছে। এ নিয়ে কুষ্টিয়ায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়াল তিনটিতে।

রোববার ৭ জুন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ ২২টি শর্তে এ বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমোদন দিয়ে বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান নার্গিস আফরোজকে চিঠি দেয়। অনুমোদিত এ বিশ্ববিদ্যালয়টির ঠিকানা হিসেবে দেওয়া হয়েছে- লাহানী পাড়া ইউনিয়ন, চাপড়া, উপজেলা কুমারখালী, কুষ্টিয়া।

UNIBOTS

অনুমোদনের চিঠি অনুযায়ী, বিশ্ববিদ্যালয়টিকে দেওয়া শর্তের মধ্যে আছে- সাময়িক অনুমতির মেয়াদ হবে সাত বছর। বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ২৫ হাজার বর্গফুট আয়তনের নিজস্ব বা ভাড়া করা ভবন থাকতে হবে। ন্যূনতম তিনটি অনুষদ ও এসব অনুষদের অধীনে কমপক্ষে ছয়টি বিভাগ থাকতে হবে। কোনো বিভাগ পরিচালনা করতে হলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমতি নিয়ে চালু করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, গত বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে অনুমতির সামারি ফাইলটি অনুমোদন পেয়ে শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছায়। এর আগে গত ৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সরজমিন পরিদর্শন করে প্রতিবেদন দেয়। ওই প্রতিবেদনের আলোকে

বিশ্ববিদ্যালয়টি অনুমতি দেওয়া হয়েছে।